79

আজকের কাগজ

তারিখ 26 JUL 1995
পৃষ্ঠা ৯ কলাম ৮

## গুরুদাসপুরে অধ্যক্ষের বিরুদ্ধে

# পরীক্ষার খাতা গায়েব করার চেষ্টার অভিযোগ

নাটোরের গুরুদাসপুর থানায় চলতি এইচএসসি পরীক্ষার প্রথম দিন বাংলা ১ম পত্র পরীক্ষার উত্তরপত্রের ১টি প্যাকেট গায়েব করার অপরাধে থানার খুবজীপুর মোজাম্মেল হক কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে থানায় এজাহার করা হয়েছে। ঘটনার দিন পরীক্ষা শেষে অধ্যক্ষ পরীক্ষার খাতার নির্ধারিত প্যাকেট থেকে চিহ্নিত একটি প্যাকেট গায়েব করার সময় কেন্দ্রের অধ্যক্ষ রইসুল উদ্দিন মৃধা ম্যাজিস্ট্রেটের কাছে হাতেনাতে ধরা পড়ে। পরে তিনি লিখিত স্বীকারোক্তি দেন। এ ব্যাপারে থানা নির্বাহী কর্মকর্তা হানিফ মোহাম্মদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। গুরুদাসপুর থেকে আনিসুর রহমান।